



রেজিস্ট্রার এর কার্যালয়
একাডেমিক ও স্কলারশিপ শাখা
প্রশাসনিক ভবন
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়


স্মারক নং- পাবিপ্রবি/একা/১৬৮/৪৬৬৫

তারিখঃ ১৩ ডিসেম্বর, ২০১৭

নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ১ম বর্ষ ভর্তি পরীক্ষার প্রকাশিত ফলাফলের ভিত্তিতে মেধা তালিকায় উত্তীর্ণ শিক্ষার্থীদের চয়েস ফর্ম আগামী ১৭/১২/২০১৭ থেকে ২৬/১২/২০১৭ তারিখ পর্যন্ত অনলাইনে admission1718.pust.ac.bd ওয়েবসাইটের মাধ্যমে পূরণ করা যাবে। মেধা অনুযায়ী যে সকল শিক্ষার্থীর ফলাফল প্রকাশ করা হয়েছে তারা সবাই চয়েস ফর্ম পূরণ করতে পারবে। চয়েস ফর্ম পূরণের গাইডলাইন ওয়েবসাইটে পাওয়া যাবে। অনলাইনে চয়েস ফর্ম পূরণের আবেদনফর্ম ডাউনলোড পূর্বক শিক্ষার্থীর পিতা/অভিভাবকের স্বাক্ষরসহ উহার কপি স্বাক্ষাৎকারের সময় জমা দিতে হবে। স্বাক্ষাৎকার আগামী ০২/০১/২০১৮ থেকে ০৩/০১/২০১৮ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা থেকে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত অনুষ্ঠিত হবে। কোটায় উত্তীর্ণ শিক্ষার্থীদের স্বাক্ষাৎকারের তারিখ ও সময় ওয়েবসাইটের মাধ্যমে পরে জানানো হবে। তবে কোটায় উত্তীর্ণ শিক্ষার্থীদের অনলাইনে উক্ত তারিখের মধ্যেই চয়েস ফর্ম পূরণ করতে হবে।

স্বাক্ষাৎকার শেষে শিক্ষার্থীদের চয়েস এবং মেধা অনুযায়ী প্রাপ্ত বিভাগ বন্টনের তালিকা প্রকাশ করা হবে। উক্ত চয়েজ এবং মেধা অনুযায়ী শিক্ষার্থীদের স্ব স্ব বিভাগে ভর্তি করা হবে। এতদসংক্রান্ত বিষয়ে পরবর্তিতে নোটিশের মাধ্যমে বিস্তারিত জানানো হবে।


অতিরিক্ত রেজিস্ট্রার
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।